# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধানকার্যালয়
৮৩-৮৫ মতিঝিলবা/এ, ঢাকা-১০০০।
এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৮৪৫৩৯; ই-মেইল ঃ dgmengineering@ krishibank.org.bd

প্রকা/ইইডি-১৪(১)অংশ-৩/২০২২-২০২৩/৯৭৮ তারিখঃ ২২/০৮/২০২২

মহাব্যবস্থাপক, প্রকা/সকল বিভাগীয় কার্যালয়/এলপিও/স্টাফ কলেজ
সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ব্যাংকের অ-ব্যাংকিং সম্পদ (Non Banking Asset) প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা যাচ্ছে।

০২। গত ২০/০৯/২০২১ ইং তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক বিআরপিডি সার্কুলার লেটার নং ২২ এর মাধ্যমে অ-ব্যাংকিং সম্পদ (Non-Banking Asset) সংক্রান্ত নীতিমালা জারী করা হয়। উক্ত নীতিমালায় ব্যাংকের প্রাপ্ত সম্পত্তিসমূহ Non-Banking Asset হিসেবে বিবেচনা এবং হিসাবায়নে অন্তর্ভুক্তকরণের বিষয়ে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়েছে যার সার-সংক্ষেপ নিম্নে উপস্থাপন করা হলোঃ

ক) অর্থঋণ আদালত কর্তৃক ৩৩(৭) ধারায় রায় প্রাপ্ত সম্পত্তি হতে হবে।

খ) রায়ের পর দ্রুততম সময়ের মধ্যে এরূপ সম্পদ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরনসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরতঃ ঋণগ্রহীতার ঋণ সমন্বয়পূর্বক প্রাপ্ত সম্পদ ব্যাংকের হিসাবে Non-Banking Asset হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে।

গ) Non-Banking Asset ব্যাংক হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য সম্পদের মূল্যায়ন করতে হবে। মূল্যায়নের নিমিত্ত অভিজ্ঞ কমপক্ষে ৩জন কর্মকর্তা/নির্বাহীর সমন্বয়ে কমিটি গঠন পূর্বক মূল্যায়ন করতে হবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত মূল্যের সাথে সম্পদের স্থানীয় অধিক্ষেত্রাধীন সাব-রেজিষ্ট্রারের জন্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের পার্থক্য পরিলক্ষিত হলে মূল্যায়ন প্রতিবেদনের যৌক্তিকতা উপস্থাপন করতে হবে।

ঘ) ব্যাংক কর্মকর্তা/নির্বাহীর সমন্বয়ে কমিটি গঠন কর্তৃক সম্পদের মূল্যায়নের পাশাপাশি ভ্যালুয়ার ফার্ম বা পেশাজীবী প্রতিষ্ঠানের মাধ্যমেও সম্পদের মূল্যায়ন করতে হবে।

ঙ) ভ্যালুয়ার ফার্ম বা পেশাজীবী প্রতিষ্ঠান এবং কমিটি কর্তৃক নির্ণীত মূল্য-এ ২টির মধ্যে যেটি কম সেটিকে সম্পদের বাজার মূল্য হিসেবে বিবেচনা করতে হবে। উল্লেখ্য, সম্পদের বাজার মূল্য নিরূপনকালে টিন/সেমি পাকা দালান, ব্যবহার অযোগ্য স্থাপনা ও মেশিনারি যতদর সম্ভব স্বল্পতম সময়ের মধ্যে বিক্রয় করে ঋণের বিপরীতে জমা করতে হবে। যে জমি/ভূমির উপর টিন/সেমি পাকা দালান, ব্যবহার/বিক্রয় অযোগ্য স্থাপনা ও মেশিনারি থাকবে সে জমি/ভূমির নিরূপিত বাজার মূল্য হতে উক্ত স্থাপনা/মেশিনারি অপসারন করার ব্যয় বাদ দিয়ে জমি/ভূমির বাজার মূল্য নির্ধারন করতে হবে।

চ) সম্পদের বাজার মূল্য নিরূপনের পর তা ব্যাংকের প্রধান নির্বাহী কর্তৃক অনুমোদন গ্রহন করতে হবে।

ছ) সম্পদের বাজার মূল্য ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন প্রদান করার পর মূল ঋণের সাথে জরিত অর্থ সমন্বয়ের মাধ্যমে Non-Banking Asset কে ব্যাংকের হিসাবে অন্তর্ভুক্ত করতে হবে।

চলমান পাতা ২

জ) এছাড়া, Non-Banking Asset সমূহ অর্জনের তারিখ হতে ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ধারা ১০ এর মাধ্যমে নির্ধারিত সময়ের অধিক মেয়াদে ব্যাংক তার স্বীয় অধিকারে রাখতে পারে না। সে কারণে সম্পদ অর্জনের পর যত দ্রুত সম্ভব তা বিক্রয়ের উদ্যোগ গ্রহণ করতে হবে। তবে প্রয়োজন হলে ব্যাংক উক্ত সম্পদ (সম্পূর্ণ বা আংশিক) নিজস্ব ব্যাংকিং কার্যক্রমে ব্যবহার করতে পারবে।

০৩। উপরোক্ত নির্দেশনা মোতাবেক দেখা যায় যে, অত্র ব্যাংকের অনুকূলে অর্থঋণ আদালতের ৩৩(৭) ধারামতে ডিক্রি প্রাপ্ত সম্পত্তিসমূহ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরনসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্ন করে সম্পদের মূল্যায়ন সম্পন্ন হলে তা ব্যাংকের হিসাবায়নে অন্তর্ভুক্ত করা যাবে। তবে, বিআরপিডি সার্কুলার লেটার নং ২২ এর উপরোক্ত ধারা পরিপালন ব্যতিরেখেই বিভিন্ন শাখা কর্তৃক ব্যাংকের ব্যালেন্স সীটে ১৩৬ (Assets Acquired in Settlement Loan) খাতে ব্যাংকের অনুকূলে ডিক্রিপ্রাপ্ত সম্পত্তিসমূহকে Non-Banking Asset হিসেবে প্রদর্শন করা হয়েছে।

০৪। উপরোক্ত সার্বিক অবস্থার প্রেক্ষিতে অত্র ব্যাংকের অ-ব্যাংকিং সম্পদ (Non-Banking Asset) এর বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক নিম্নেবর্ণিত নির্দেশনা প্রদান করা হয়েছে যা পরিপালনের জন্য অনুরোধ করা হলোঃ

ক) ব্যাংকের ব্যালেন্স সীটে ১৩৬ (Assets Acquired in Settlement Loan) খাতে প্রদর্শিত সম্পদসমূহ ব্যাংকের Non-Banking Asset হিসেবে বিবেচনায় আনার নিমিত্ত বিআরপিডি সার্কুলার লেটার নং ২২ এ নির্দেশিত শর্তসমূহ যথাযথভাবে পরিপালনকরত তা এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে আগামী জুন'২০২৩ এর মধ্যে অবহিত করার জন্য মাঠ কার্যালয়কে পরামর্শ দেয়া হলো। এক্ষেত্রে, ৩৩(৭) ধারায় রায়ের সনদ উত্তোলন, ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরনসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকার তত্ত্বাবধানে সম্পন্নকরণের নির্দেশনা দেয়া হলো।

খ) নামজারী হয়েছে এবং ব্যাংকের দখলে আছে এমন সম্পত্তিসমূহের মূল্যায়ন ব্যাংকের নিম্নেবর্ণিত ৩জন কর্মকর্তা/নির্বাহীর সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক সম্পাদনের পরামর্শ দেয়া হলোঃ

১) সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা ঃ সভাপতি
২) সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক ঃ সদস্য
৩) সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ঃ সদস্য-সচিব

সেইসাথে, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকার আওতাধীন ব্যাংকের অনুমোদিত সার্ভেয়ার প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পদের মূল্যায়ন সংক্রান্ত কার্যাদি সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় কর্তৃক সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশনা দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

22.8.22

(মোঃ আনোয়ারুল আজিম খান)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ হলো।
০৪। উপ-মহাব্যবস্থাপক, আইন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র ব্যাংকের অনুকূলে অর্থঋণ আদালতের ৩৩(৭) ধারামতে ডিক্রি প্রাপ্ত সম্পত্তিসমূহ ব্যাংকের নামে রেজিস্ট্রেশন ও মিউটেশন করে দখলী স্বত্ব (Physical Possession) নিশ্চিতকরনসহ প্রয়োজনীয় আইনী প্রক্রিয়া সম্পন্নকরণের লক্ষ্যে যথাযথ আইনী সহায়তা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

22/08/22
(ফাতিমা রাব্বি আহসান)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা